

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন

গতকাল শনিবার নানা কর্মসূচীর মধ্যদিয়ে সারাদেশে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করা হয়। খবর ইত্তেফাক প্রতিনিধিদের।

নেত্রকোনা: নেত্রকোনা জেলা প্রশাসনের উদ্যোগে নেত্রকোনা জেলা শহরে বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক আনিস মাহমুদের নেতৃত্বে র্যালিটি শহীদ মিনার সড়ক থেকে শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পাবলিক হলে এসে সমাপ্ত হয়। পরে পাবলিক হলে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুন্নাহার মাদুর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসক আনিস মাহমুদ। বক্তব্য রাখেন পুলিশ সুপার জয় দেব কুমার ভদ্র, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ইউসুফ আলী, পৌর মেয়র প্রশান্ত রায়, উপজেলা পরিষদ চেয়ারম্যান তজদীর উদ্দিন খান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোক্তার হোসেন সরকার, জেলা প্রেসক্লাব সম্পাদক শ্যামলেশু পাল, মুক্তিযোদ্ধা কমান্ডার নুরুল আমিন, মুক্তিযোদ্ধা ওসমান গণি তালুকদার, আদিয়া মাদ্রাসার অধ্যক্ষ মৌদানা আব্দুল কাডেম, রেড ক্রিসেন্ট ইউনিট সম্পাদক গাজী মোজাম্মেল হোসেন টুক প্রমুখ।

মাদারীপুর: জেলার স্থানীয় স্বাধীনতা অঙ্গন থেকে র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে। স্থানীয় আদহাছ আনিসউদ্দিন হাই স্কুলে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পরীকুল ইসলাম। আলোচনা করেন জেলা প্রশাসক মো. নূর-উর-রহমান, সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান পাতেলুর রহমান গফিক খান, উপানুষ্ঠানিক শিক্ষা বিভাগের উপ-পরিচালক রিপন করিম লস্কর, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার শহীদুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার নাসিরুল ইসলাম, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সৈয়দ আতিয়ার রহমান, প্রধান শিক্ষক কেদারমত আলী হাওলাদার প্রমুখ।

পটুয়াখালী: জেলা প্রশাসন ও জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর

আয়োজনে সকাল ১০টায় স্থানীয় সার্কিট হাউসে প্রাপ্ত থেকে শহরে বের করা হয় বর্ণাঢ্য র্যালি। বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে তারা জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এসে আলোচনা সভায় যুক্তিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) অফিসী কুমার মন্ডলের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক অমিতাভ সরকার। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার জয় দেব কুমার ভদ্র, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট, সুদতান আহমেদ মুন্সী, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোস্তাফিজার উদ্দিন ও সচিব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা জাহান্নারা বেগম। সভায় যোগত বক্তব্য রাখেন জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক সরোজ কুমার দাস। বক্তব্য রাখেন এসডিএর নির্বাহী পরিচালক কেএম এনায়েত হোসেন, ট্রাস্টের জেলা ব্যবস্থাপক এডভোকেট নিজাম উদ্দিন আহমেদ, জেলা আমদের সাধারণ সম্পাদক স.ম. মোল্লোয়ার হোসেন প্রমুখ।

মৌলভীবাজার: এ উপলক্ষে জেলা প্রশাসন ও জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর উদ্যোগে সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখ হতে এক র্যালি বের হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে এম. সাইফুর রহমান অভিনেত্রীর মাঠে এসে শেষ হয়। সাইফুর অভিনেত্রীর মাঠে এক আলোচনা সভা ডারপ্রাপ্ত জেলা প্রশাসক শেখ মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। জেলা শিল্পবিষয়ক কর্মকর্তা জসিম উদ্দিন মাসুদের পরিচালনায় সভায় বক্তব্য রাখেন নাট্যকার আব্দুল মতিন, এনজিও প্রতিনিধি এসএ হামিদ জেলা শিক্ষা অফিসার আব্দুল মজিদ, জেলা উপানুষ্ঠানিক ব্যুরো মৌলভীবাজার সহকারী পরিচালক মোঃ আমিরুল কবীর, সাবেক সাংসদ বেগম হুজুে আরা ওয়াহিদ প্রমুখ।

নবাবগঞ্জ (ঢাকা): মোহাম্মদ উপজেলা সকাল ১০টায় র্যালি ও আলোচনা সভার মধ্যদিয়ে দিবসটি পালন করা হয়। এ সময় উপস্থিত

ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আল-আমীন, উপজেলা জাইস-চেয়ারম্যান আলী আহসান খোকন সিকদার, শিক্ষা কর্মকর্তা মঞ্জুরুল ইসলাম প্রমুখ। অপরদিকে নবাবগঞ্জ উপজেলায় সকাল সাড়ে ১০টায় র্যালি ও আলোচনা সভার মধ্যদিয়ে দিবসটি পালন করে। এ সময়ে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা দেওয়ান মাহবুবুর রহমান, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ইজাকুব আলী, উপজেলা ছাউন কমিশনার রইস উদ্দিন মিলন প্রমুখ।

রংপুর (দক্ষিণ): জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি মহানগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পাবলিক লাইব্রেরি মাঠে গিয়ে শেষ হয়। র্যালিতে সরকারি কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, এনজিও কর্মীরা অংশ নেয়। র্যালি শেষে রংপুর টাউন হলে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এডিসি শিক্ষা এরশাদুল হকের সভাপতিত্বে বক্তব্য রাখেন প্রফেসর মলয় কিশোর ভট্টাচার্যসহ বিভিন্ন এনজিও প্রতিনিধি ও সৃষ্টিজনরা এতে বক্তব্য রাখেন।

চুয়াডাঙ্গা: সকালে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় থেকে র্যালি বের হয়ে চুয়াডাঙ্গার শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। র্যালিটিতে চুয়াডাঙ্গার বিভিন্ন কুল-মাদরাসার শিক্ষক, ছাত্র-ছাত্রীরা ব্যানার, ফেস্টুন নিয়ে অংশ নেয়। বর্ণাঢ্য র্যালির নেতৃত্ব দেন জেলা প্রশাসক জোলা নাথ দে। সকাল সাড়ে ৯টায় চুয়াডাঙ্গা পিও একাডেমীতে অনুষ্ঠিত হয় চিত্রাঙ্কন প্রতিযোগিতা। সকাল ১০টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এডিসি (সার্বিক) মোখলেসুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক জোলা নাথ দে। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মটিক সাঈদ মাহবুব, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার খন্দকার আলীউদ্দিন আল আজাদ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আতাউর রহমান।